

বর্ষ হলেও প্রত্যাশাতে.....

চেয়েছিলেম হরিণ-চোখের পাপড়ি ছিঁড়ে কটাক্ষটা,
উপড়ে হৃদয়-পদ্ম আদিম বেঘোর নেশার বর্ণচ্ছটা,
অনিশ্চিতের খির-ভুকুটি আঙ্গ মোহিনী-সজ্জা সেজে
দুর্জয়ের মন গলিয়ে ছাঁচ করেছে ঢালাই অলক্ষ্যে যে!

এখন সময় দে-ছুট দে-ছুট উত্তেজনার ঘোড়ার ক্ষুর,
ঘন্টা-পূহর বাষ্পীভূত তপ্ত আঁচ খরায় পুড়ে,
যুদ্ধ-জয়ের উন্মাদনা বর্ষ জীবন-অসির খাপ
বাক্স-গতি জেট ছুটছে দিগ্বিদিক ডাউন-আপ!

পুঞ্জুলন্ত অঙ্গার লাল স্বর্ণকারের হৃদ-হাপর
নিখাদ কনক অঙ্গুরীয় গড়বো সারা জীবন ধরে,
রাখবো সাগর সফেন এবং বীর ডুবুরীর জন্য মোতি.....
বর্ষ হলেও প্রত্যাশাতে দামাল এবং অবধ-গতি।